

AKASHVANI(Kolkata)
Regional News Unit

Date: 06-12-2025

Time: 1.30PM

বিশেষ বিশেষ খবরঃ-

- ১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, ভারত ও রাশিয়া ২০৩০ সালের নির্ধারিত সময়ের আগেই দ্঵িপাক্ষিক বাণিজ্যিক লেনদেন, ১০ হাজার কোটি ডলারে নিয়ে যাওয়ার লক্ষ্যমাত্রা অর্জন করবে।
- ২) রাষ্ট্রপতি দ্রোগদী মুর্মু বলেছেন, ভারত-রাশিয়ার বিশেষ কৌশলগত অংশীদারিত্বের ক্ষেত্রে রুশ রাষ্ট্রপতি পুতিনের সমর্থন এবং ব্যক্তিগত উদ্যোগ প্রশংসনীয়।
- ৩) শীতকালীন ছুটি এবং বিয়ের মরণে উড়ানে যাত্রী ভিড় সামাল দিতে ও পরিস্থিতি স্বাভাবিক করার জন্য, DGCA-এর পক্ষ থেকে সমস্ত পাইলট সংগঠনের সহযোগিতা চাওয়া হয়েছে।
- ৪/ ক্রটিহীন ভোটার তালিকা তৈরির স্বার্থে SIR-এর সময়সীমা আরও বাড়ানো হতে পারে বলে মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমার ইঙ্গিত দিয়েছেন।
- # পশ্চিমবঙ্গে যৌনকর্মীদের জন্য আগামী ৯ই ডিসেম্বর উত্তর কলকাতায় বিশেষ এনিউমারেশন ক্যাম্প আয়োজন করবে নির্বাচন কমিশন।
- ৫) সংবিধান প্রণেতা বাবাসাহেব ডক্টর তীমরাও আন্বেদকরের ৭০-তম মহাপরিনির্বাণ দিবসে আজ নানা অনুষ্ঠানে তাঁকে স্মরণ করা হচ্ছে।
- ৬) ভারত আজ একদিনের ক্রিকেট সিরিজের নির্ণয়ক তথা শেষ ম্যাচে দক্ষিণ আফ্রিকার বিরুদ্ধে খেলবে।

ভারত ও রাশিয়া ২০৩০ সালের মধ্যে দ্বিপাক্ষিক বাণিজ্যিক লেনদেন ১০ হাজার কোটি ডলারে নিয়ে যাওয়ার লক্ষ্যমাত্রা ধার্য করেছে। গতকাল নতুন দিল্লীতে রুশ রাষ্ট্রপতি ভ্লাদিমির পুতিনের সঙ্গে ভারত রুশ বাণিজ্য ফোরামে বক্তৃব্য রেখে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেন, দুদেশের নেতৃবৃন্দের মধ্যে সাম্প্রতিক আলোচনা এবং উভয় দেশের বাণিজ্যিক সম্ভাবনা থেকে আশা করা যায় যে নির্ধারিত সময়ের আগেই এই লক্ষ্যমাত্রা পূরণ করা সম্ভব হবে। প্রধানমন্ত্রী জানান, দুদেশের মধ্যে বাণিজ্যিক লেনদেনের নীতি পদ্ধতি সরলীকরণ করা হচ্ছে। এছাড়াও ভারত ও ইউরোশীয় অর্থনৈতিক ইউনিয়নভুক্ত দেশগুলিবর মধ্যে একটি মুক্ত বাণিজ্য চুক্তি বিষয়ে আলোচনা শুরু হয়েছে। তিনি জানান, বাণিজ্য বা কূটনৈতিক সম্পর্ক এই উভয় ক্ষেত্রেই দুদেশের মধ্যে সম্পর্কের ভিত্তি হচ্ছে আস্থা।

(বাইট- মোদী)

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু বলেছেন, ভারত-রশ অংশীদারিত্ব শান্তি, স্থিতাবস্থা এবং পারম্পরিক আর্থ-সামাজিক ও প্রযুক্তিগত অগ্রগতির ক্ষেত্রে দুদেশের সহযোগিতা নিশ্চিত করবো গত সন্ধ্যায় রাষ্ট্রপতি রশ রাষ্ট্রপতির পুতিনের সম্মানে এক নেশভোজের আয়োজন করেন। শ্রীমতী মুর্মু বলেন, তাঁর এই সফর দুই দেশের মধ্যে কৌশলগত সম্পর্কের ক্ষেত্রে একটি গুরুত্বপূর্ণ মাইলফলক। ২০২৫ সাল ভারত-রাশিয়া বহুমুখী অংশীদারিত্বের জন্য বিশেষভাবে ফলপ্রসূ হয়েছে, রাজনৈতিক বিনিময়, বাণিজ্য ও অর্থনীতি, প্রতিরক্ষা, পারমাণবিক ক্ষেত্রে সহযোগিতা, মহাকাশ, বিজ্ঞান ও প্রযুক্তি এবং মানুষে-মানুষে সম্পর্ক সহ বিভিন্ন ক্ষেত্রে উল্লেখযোগ্য অগ্রগতি হয়েছে বলেও রাষ্ট্রপতি অভিমত ব্যক্ত করেন।

বাইট – রাষ্ট্রপতি

ভারত ও রাশিয়ার মধ্যে দীর্ঘদিনের আটুট বন্ধুত্বের সম্পর্ক আগামী দিনে আরও নিবিড় হবে বলে রাষ্ট্রপতি মুর্মু এবং রশ রাষ্ট্রপতি ভ্লাদিমির পুতিন উভয়েই দ্রৃঢ় প্রত্যয় ব্যক্ত করেন।

দু'দিনের ভারত সফর শেষে গত রাতেই রশ রাষ্ট্রপতি পুতিন রাশিয়ার উদ্দেশে রওনা হয়েছেন। বিদেশমন্ত্রী ডঃ এস জয়শঙ্কর বায়ুসেনার পালাম বিমানবন্দরে তাঁকে বিদায় জানাতে উপস্থিত ছিলেন।

রাশিয়ার তেল রপ্তানির জন্য পশ্চিমী সামুদ্রিক পরিষেবা সম্পূর্ণভাবে নিষিদ্ধ করার বিষয়ে জি-সেভেন এবং ইউরোপীয় ইউনিয়ন আলোচনা চালিয়ে যাচ্ছে। এই পদক্ষেপের লক্ষ্য হলো ইউক্রেনে, রাশিয়ার যুদ্ধ চালিয়ে যাওয়ার ক্ষেত্রে অর্থায়নের জন্য ব্যবহৃত রাজস্ব হ্রাস করা।

বর্তমানে, রাশিয়ার মোট রপ্তানিকৃত তেলের এক-তৃতীয়াংশেরও বেশি পশ্চিমী জাহাজের মাধ্যমে পরিবাহিত হয়, যার বেশিরভাগই যায় ভারত ও চীনে। প্রস্তাবিত নিষেধাজ্ঞা কার্যকর হলে, গ্রিস, সাইপ্রাস এবং মাল্টার মতো ইইউ গোষ্ঠীর নৌবহরগুলোর ওপর প্রভাব পড়বে, ফলে রাশিয়াকে আরও বেশি ‘শ্যাডো ফিল্ট’ বা অনিয়ন্ত্রিত জাহাজের ওপর নির্ভর করতে হতে পারে।

বিশেষকদের মতে, ২০২৫ সালের অক্টোবর মাসেই রাশিয়া তার ৪৪ শতাংশ তেল এই শ্যাডো ফিল্টের মাধ্যমে রপ্তানি করেছে।

তবে, এটি কার্যকর করতে ইইউ-এর ২৭টি সদস্য দেশের সম্মতি এবং জি-সেভেন অংশীদারদের ঐক্যমত্য প্রয়োজন।

সম্পূর্ণ স্বচ্ছ ও ত্রুটিহীন ভোটার তালিকা তৈরির স্বার্থে নির্বাচন কমিশন, SIR- প্রক্রিয়ার সময়সীমা আরও বাড়াতে পারে বলে ইঙ্গিত মিলেছে। এসআইআরের কাজ চলা মোট ১২টি রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের মুখ্য নির্বাচনী আধিকারিকদের নিয়ে গতকাল এক বৈঠকে মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমার একথা জানান। SIR-এর কাজের জন্য সময়সীমা বাড়াতে হলে, সংশ্লিষ্ট রাজ্যের সিইও দপ্তরকে নির্বাচন কমিশনের কাছে বিষয়টি সুপারিশ করতে বলা হয়েছে। নির্বাচন কমিশন তা খতিয়ে দেখে ডেডলাইন বা নির্ধারিত সময়সীমা বাড়ানোর সিদ্ধান্ত নেবে।
কেরালায় ইতোমধ্যেই নির্বাচন কমিশন রাজ্য সরকারের অনুরোধে এসআইআর প্রক্রিয়ার সময়সীমার মেয়াদ আরও এক সপ্তাহের জন্য বাড়িয়ে দিয়েছে।

কমিশন খসড়া ভোটার তালিকায় যাতে যোগ্য ভোটারদের নাম থাকে তা সুনিশ্চিত করার লক্ষ্যে ১১ ডিসেম্বর Enumeration পর্ব শেষ হওয়ার আগে সংশ্লিষ্ট পোলিং বুথে, বিএলও-দের বৈঠক করার নির্দেশ দিয়েছে। ঐ বৈঠকে বুথ লেভেল এজেন্টদের উপস্থিতি বাধ্যতামূলক। মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমার গতকাল ভিডিও কনফারেন্সের মাধ্যমে বৈঠকে এই নির্দেশ দেন।

ঐ বৈঠকে আলোচ্য সূচী ও গৃহীত বিভিন্ন সিদ্ধান্ত জেলা নির্বাচনী আধিকারিক DEO ওয়েবসাইটে আপলোড করতে হবে, যাতে মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতরের ওয়েবসাইট লিঙ্কও দেওয়া থাকবে। এনুমারেশনের যাবতীয় তথ্য যেমন প্রতিটি বুথে মোট ভোটদাতার সংখ্যা কত দাঁড়ালো, কতগুলি ফেরত এসেছে, কতজন ভোটদাতার নাম খসড়া তালিকায় অন্তর্ভুক্ত হয়নি, স্থানান্তরিত ও ভুয়ো ভোটদাতা সহ বিভিন্ন বিষয়ে খতিয়ে দেখা হবে।

এদিকে, খসড়া ভোটার তালিকায় প্রকৃত অর্থে কত ভোটদাতা মৃত হিসেবে তালিকাভুক্ত হওয়া উচিত—তা নিশ্চিত করতে বিভিন্ন সরকারি ও আধা-সরকারি উৎস থেকে তথ্য মিলিয়ে দেখা বাধ্যতামূলক বলেও নির্বাচন কমিশন জানিয়েছে। মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমার গতকালের বৈঠকে গ্রাম পঞ্চায়েত ও পুরসভায় নথিভুক্ত মৃত্যুর তথ্য সেই অনুযায়ী প্রথমেই ঘাটাই করে দেখার নির্দেশ দিয়েছেন। পাশাপাশি এলআইসি, ব্যাঙ্ক ও সমবায় ব্যাঙ্কের রেকর্ডে মৃত গ্রাহকদের তথ্যও খতিয়ে দেখতে বলা হয়েছে।

নির্বাচন কমিশন কেরালায় ভোটার তালিকায় বিশেষ নিবিড় কর্মসূচী এসআইআর প্রক্রিয়ার মেয়াদ আরও এক সপ্তাহের জন্য বাড়িয়ে দিয়েছে। কমিশনের এক নির্দেশিকায় জানানো হয়েছে, এনুমারেশনের কাজ যা ডিসেম্বরের ১১ তারিখ শেষ হওয়ার কথা ছিল, তা এখন ১৮ ই ডিসেম্বর পর্যন্ত চলবে। সংশোধিত সময়সূচী অনুসারে খসড়া ভোটার তালিকা ১৬ ই ডিসেম্বরের পরিবর্তে ২৩ শে ডিসেম্বর প্রকাশিত হবে। চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ করা হবে ২১ শে ফেব্রুয়ারি, যা এর আগে ১৪ ই ফেব্রুয়ারি হওয়ার কথা ছিল। কেরালা সরকারের অনুরোধের প্রেক্ষিতেই এই সিদ্ধান্ত বলে কমিশন সুত্রে জানা গেছে।

সুপ্রিম কোর্ট সম্প্রতি এসআইআর প্রক্রিয়ার চাপ কমাতে এক গুচ্ছ যে নির্দেশিকা দেয়, তার ভিত্তিতেই কেরালা সরকার সময়সীমা বৃদ্ধির এই আবেদন জানিয়েছিল। এর প্রেক্ষিতে নির্বাচন কমিশন

গতকাল কেরালার মুখ্যসচিব এবং মুখ্য নির্বাচনী আধিকারিকের সঙ্গে এক বৈঠকে সময়সীমা সংশোধনের এই সিদ্ধান্ত গ্রহণ করে।

পশ্চিমবঙ্গে ঘোনকর্মীদের জন্য আগামী ৯ই ডিসেম্বর উত্তর কলকাতায় বিশেষ এনিউমারেশন ক্যাম্প আয়োজন করবে নির্বাচন কমিশন। ঘোনকর্মীদের বিভিন্ন সংগঠনের আবেদনের প্রেক্ষিতে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তর এই সিদ্ধান্ত নিয়েছে। বিভিন্ন ওয়ার্ডে এনিউমারেশন ফর্ম সংক্রান্ত এই বিশেষ ক্যাম্পের আয়োজন করা হবে। ১৬৬-শ্যামপুরুর বিধানসভা কেন্দ্রের অন্তর্গত সোনাগাছির বিভিন্ন ওয়ার্ডে পৌঁছে যাবেন কমিশনের আধিকারিকরা। সেখানে পৌঁছে এনিউমারেশন ফর্ম সংক্রান্ত ঘোনকর্মীদের সমস্যার কথা শুনবেন তাঁরা এবং সহায়তা করবেন। অন্যান্য ঘোনপল্লিতেও আগামী দিনে একই রকমের শিবির আয়োজন করা হতে পারে বলে কমিশন সূত্রে জানা গিয়েছে।

কেন্দ্রীয় স্বরাষ্ট্র ও সমবায় মন্ত্রী অমিত শাহ, আজ গুজরাতের বানাস ডেয়ারি তে সমবায় মন্ত্রকের সংসদীয় উপদেষ্টা কমিটির তৃতীয় বৈঠকে পৌরোহিত্য করবেন। তিনি দিনের গুজরাত সফরে তিনি আজ সানাদারে বানাস ডেয়ারি তে জৈব – সি এন জি ও সার প্রকল্পের উদ্বোধন করবেন। এ ছাড়া সানাদারে অত্যাধুনিক প্রযুক্তিতে নির্মিত মিঞ্চ পাউডার ও বেবি ফুড প্রকল্পেরও উদ্বোধনী অনুষ্ঠানেও যোগ দেবেন তিনি। পরে শ্রী শাহ, সানাদারে বানাস ডেয়ারির বিভিন্ন কাজকর্ম খতিয়ে দেখবেন আগথালায় জৈব – সিএনজি ও সার প্রকল্প ও ঘুরে দেখবেন তিনি।

অসামরিক উড়ান দপ্তরের মহানির্দেশিক, ডিজিসিএ-র পক্ষ থেকে শীতকালীন ছুটি এবং বিয়ের মরশুমে বিভিন্ন উড়ানে যাত্রীদের অতিরিক্ত চাহিদার প্রেক্ষিতে সমস্ত পাইলট সংগঠনের কাছে পরিস্থিতি স্বাভাবিক করার জন্য সহযোগিতা চেয়েছে। আগেই জানানো হয়েছে, গত বৃহস্পতিবার অসামরিক উড়ান দপ্তরের মন্ত্রী কে আর নাইডু সাম্প্রতিক পরিস্থিতির প্রেক্ষিতে ডিজিসিএ, এএআই ও ইন্ডিয়া বিমান সংস্থার বিরিষ্ট আধিকারিকদের সঙ্গে এক উচ্চ পর্যায়ের বৈঠকে পরিস্থিতি পর্যালোচনা করেন। ইন্ডিগো সংস্থার আবেদনের প্রেক্ষিতে পাইলটদের উড়ানের সময়কালে সীমা সংক্রান্ত নিয়ম একবারের জন্য ছাড় দেওয়ার ব্যবস্থাও করা হয়েছে। এর ১৫ দিন পর বিষয়টি পুনর্বিবেচনা করা হবে বলে জানা গেছে। এছাড়া ইন্ডিগোর বিমান সংস্থা কন্ট্রোল সেন্টারে পরিস্থিতির ওপর তাত্ক্ষণিক নজরদারির জন্য ডিজিসিএ-র একটি দলকে সেখানে মোতায়েন করা হয়েছে। কেন ইন্ডিগো বিমান সংস্থা বিমান পরিচালন ব্যবস্থায় এই ধরনের অস্বাভাবিক পরিস্থিতি তৈরি হল, সেই বিষয় খোঁজ খবর নেওয়ার জন্য যুগ্ম মহানির্দেশকের নেতৃত্বে একটি চার সদস্যের উচ্চ পর্যায়ের কমিটি গঠন করা হয়েছে। এই কমিটিকে ইন্ডিগো বিমান সংস্থা উড়ান পরিচালনে ব্যর্থতার জন্য দায়বদ্ধতা এবং উত্তরদায়িতার বিষয়টি ও নির্ধারনের নির্দেশ দেওয়া হয়েছে।

এদিকে, দিল্লি বিমানবন্দরে বিমান চলাচল আজ অনেকটা স্বাভাবিক অবস্থায় ফিরেছে। একটি বিজ্ঞপ্তিতে দিল্লি বিমানবন্দরের পক্ষ থেকে যাত্রীদের উদ্দেশ্যে জানানো হয়েছে, কয়েকটি ইন্ডিগো বিমানে সমস্যা থাকবে। বিমানবন্দরে পৌছানোর আগে যাত্রীদের বিমান সংক্রান্ত সাম্প্রতিক খবর জেনে নিতে অনুরোধ করা হয়েছে। দিল্লি বিমানবন্দরের একটি প্রতিনিধি দল এয়ারলাইন্সের সঙ্গে সবরকম সহযোগিতা করছে যাত্রীদের সুস্থ ও স্বাভাবিক ভ্রমনের সুবিধা দেওয়ার জন্য।

সংবিধান প্রণেতা বাবাসাহেব ডক্টর ভীমরাও আম্বেদকরের ৭০ তম মহাপরিনির্বাণ দিবসে আজ নানা অনুষ্ঠানে তাঁকে স্মরণ করা হচ্ছে। সংসদভবন প্রাঙ্গনে প্রেরণা স্থলে বাবা সাহেবের প্রতিমূর্তির সামনে ডক্টর আম্বেদকার ফাউন্ডেশন (ডিএএফ) এবং সামাজিক ন্যায় এবং ক্ষমতায়ন মন্ত্রকের পক্ষ থেকে আজ তাঁর মৃত্যু বার্ষিকীতে এক বিশেষ অনুষ্ঠানের আয়োজন করা করা হয়েছে।

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু, উপরাষ্ট্রপতি সি পি রাধাকৃষ্ণন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, লোকসভার অধ্যক্ষ ওম বিড়লা, রাজ্যসভার উপাধক্ষ হরিবংশ নারায়ণ সিং, বিরোধী দলনেতা এবং সাংসদ ও অন্য বিশিষ্ট ব্যক্তিরা সেখানে পুষ্পার্ঘ্য অর্পণ করে ডক্টর আম্বেদকারের প্রতি শ্রদ্ধা অর্পণ করবেন। জনসাধারণও সংসদভবনের প্রাঙ্গনে ডক্টর বি আর আম্বেদকারের মূর্তিতে পুষ্পার্ঘ্য অর্পণ করে শ্রদ্ধা জানাতে পারবেন। সামাজিক ন্যায় ও ক্ষমতায়ন মন্ত্রকের পক্ষে ডক্টর আম্বেদকার ফাউন্ডেশন এই অনুষ্ঠানের আয়োজন করেছে। ডিএএফ-এর সদস্য সচিব ভি. আশ্চারাও ও ডিরেক্টর মনোজ তিওয়ারি অনুষ্ঠানে উপস্থিত থাকবেন।

উল্লেখ্য, সামাজিক ন্যায়, সাম্য ও গণতন্ত্রের সম্পর্কে ডক্টর বি আর আম্বেদকারের ভাবধারা আজও সমান প্রাসঙ্গিক। তাঁর এই ভাবাদর্শে দিক্ষিত প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বাধীন বর্তমান সরকার সব কা সাথ সব কা বিকাশ সব কা বিশ্বাস ও সব কা প্রয়াসের মন্ত্র গ্রহণ করেছে।

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু চলতি মাসের ৯ তারিখ নতুন দিল্লীতে ২০২৩ সালের ২৪-হস্তশিল্প সম্মান প্রদান করবেন। দেশের বিশিষ্ট হস্তশিল্পীদের সম্মানিত করতে পুরস্কার প্রদান করা হয়। কেন্দ্রীয় বস্ত্রমন্ত্রী গিরিরাজ সিং এবং বস্ত্র প্রতিমন্ত্রী পবিত্র মার্গারিটা এই অনুষ্ঠানে উপস্থিত থাকবেন। দেশের ঐতিহ্যপূর্ণ হস্তশিল্পকে তুলে ধরতে সরকারের অঙ্গীকারের লক্ষ্যেই এই উদ্যোগ বলে বস্ত্র মন্ত্রক জানিয়েছে। এই সম্মান প্রদান জাতীয় হস্তশিল্প সপ্তাহ পালনের অঙ্গ বলে উল্লেখ করা হয়েছে।

ভারতের সেনাবাহিনীর প্রধান জেনারেল উপেন্দ্র দ্বিবেদী সময়ের দাবি মেনে উদ্ভাবন, অখণ্ডতা ও যৌথ উদ্যোগে কাজ করার জন্য সেনা কম্যান্ডারদের কাছে আহ্বান জানিয়েছেন। গতকাল নতুন দিল্লীতে শেষ হওয়া সেনা কম্যান্ডারদের দুদিনের দ্঵িবার্ষিক সম্মেলনে তিনি এই আহ্বান জানান। এছাড়াও তিনি বহুস্তরীয় যুদ্ধে উন্নত কর্মপদ্ধতির ওপর জোর দেন। বর্তমান সময়ে বিভিন্ন ক্ষেত্রে নতুন করে উঠে আসা যুদ্ধ নীতি,

মনুষ্য বিহীন আকাশ প্রতিরোধ ব্যবস্থা সহ বিভিন্ন বিষয়ে তিনি কম্যান্ডারদের সচেতন থাকার ওপর গুরুত্ব আরোপ করেন।

আন্তর্জাতিক মুদ্রা ভাণ্ডার – আই এম এফ, ঘূর্ণিঝড় দিতওয়ায় বিখ্বস্ত শ্রীলঙ্কার অথনীতিকে পুনরায় চাঙ্গা করে তুলতে সে-দেশের ২০০ মিলিয়ন ডলার সাহায্যের আবেদন বিবেচনা করবে বলে জানিয়েছে। শ্রীলঙ্কা তাদের র্যাপিড ফাইন্যান্সিং ইনস্ট্রুমেন্ট – আর এফ আইয়ের অধীনে আই এম এফ-এর কাছে আপৎকালীন আর্থিক সহায়তা চেয়েছে। আর এফ আই হল এমন একটি সুবিধাপ্রকল্প যা প্রাকৃতিক দুর্ঘটনার কারণে আর্থিক দুরবস্থার সম্মুখীন কোনও দেশকে দেওয়া হয়ে থাকে।

উল্লেখ্য, ঘূর্ণিঝড় দিতওয়ার প্রভাবে শ্রীলঙ্কায় মৃতের সংখ্যা বেড়ে হয়েছে ৬০৭। ২১৪ জন এখনও নিখোঁজ।

এদিকে, আগামী দিনে উত্তর-পূর্ব মৌসুমি বায়ু শক্তিশালী হওয়ার দরুণ সে-দেশে আবহাওয়া - পরিস্থিতি আরও খারাপ হতে পারে; প্রবল বৃষ্টি এবং তজ্জনিত কারণে ভূমিধসও হতে পারে বলে শ্রীলঙ্কার আবহাওয়া সংস্থা সূত্রে আশঙ্কা করা হচ্ছে।

ভারত আজ একদিনের ক্রিকেট সিরিজের তৃতীয় তথা শেষ ম্যাচে দক্ষিণ আফ্রিকার বিরুদ্ধে খেলবে। বিশাখাপত্নমের এসিএ ভিডিসিএ ক্রিকেট স্টেডিয়ামে খেলা শুরু হবে দুপুর দেরটায়। রাঁচিতে প্রথম ম্যাচে ভারত ১৭ রানে দক্ষিণ আফ্রিকাকে হারিয়ে দেয়, রায়পুরে দ্বিতীয় ম্যাচে দক্ষিণ আফ্রিকা ভারতকে চার উইকেটে হারিয়ে দেয়। চোটের কারণে আগামীকালের ম্যাচে দক্ষিণ আফ্রিকার পেসার নান্দে বাগীর ও টনি ডি জর্জি অনিশ্চিত রয়েছেন। ভারতীয় দলে পরিবর্তনের সন্তাননা কম। পিচ ব্যাটিং সহায়ক হবে। বাকি দুই ম্যাচের মত এই ম্যাচেও শিশির খেলার ফলাফলে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।
